




বিসিসি পূর্ণ

একটি পূর্ণাঙ্গ বাংলা টাইপফেস

ব্যবহার নির্দেশিকা



প্রকল্পের নাম


গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে
বাংলা ভাষা সমৃদ্ধকরণ
*Enhancement of Bangla Language in ICT through
Research and Development*

উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয়

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

বাস্তবায়নকারী সংস্থা

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে ‘বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল’-র তত্ত্বাবধানে আন্তর্জাতিক পরিসরে নেতৃস্থানীয় ভাষা হিসেবে বাংলাকে প্রতিষ্ঠার লক্ষ্যে বিশেষ করে কম্পিউটিং ও আইসিটিতে বাংলা ভাষাকে অভিযোজিত করার উদ্দেশ্যে ‘গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ’ প্রকল্প কাজ করে যাচ্ছে।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে আন্তর্জাতিক পরিসর (Global Platform)-এ নেতৃস্থানীয় ভাষা হিসেবে বাংলাকে প্রতিষ্ঠা করা। বিশেষ করে কম্পিউটিং ও আইসিটিতে বাংলা ভাষাকে অভিযোজিত করা বা খাপ খাইয়ে নেয়া এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য। গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণের লক্ষ্যে প্রকল্পটির উদ্দেশ্য বাংলা ভাষার জন্য বিভিন্ন প্রযুক্তিমাধ্যমে (ওয়েব, মোবাইল, কম্পিউটার ইত্যাদি) ব্যবহারযোগ্য বিভিন্ন সফটওয়্যার/টুলস/রিসোর্স উন্নয়ন করা, যাতে বাংলা ভাষা কম্পিউটারে ব্যবহার করতে কোনো প্রতিবন্ধকতা না থাকে।

কৃত্রিম বুদ্ধিমত্তা ও ন্যাচারাল ল্যাংগুয়েজ প্রসেসিং প্রযুক্তিভিত্তিক ‘ভবিষ্যত প্রযুক্তি শুরু এখানেই’ স্লোগানে বাংলা ভাষা-প্রযুক্তির গবেষণা ও উন্নয়ন হাব বাংলা ভাষার জন্য ১৬টি কম্পোনেন্টের মাধ্যমে ৪০টিরও বেশি সফটওয়্যার/টুলস/রিসোর্স উন্নয়ন করা হচ্ছে। যার ফলে আন্তর্জাতিক পর্যায়ে বাংলা ব্যবহারের সুযোগ তৈরি হচ্ছে।

প্রকল্প থেকে সম্ভাব্য প্রাপ্তি

সফটওয়্যার	স্ট্যান্ড-অ্যালোন ৯টিরও বেশি। প্রতিটির উইন্ডোজ, ম্যাক ও লিনাক্স সংস্করণ থাকবে।
অ্যান্স	৭টিরও বেশি। আইওএস ও অ্যান্ড্রয়েড দুটি প্ল্যাটফর্মের জন্য।
ওয়েবসাইট	২টি ডোমেইন এবং ৮টিরও বেশি সাব-ডোমেইন।
টেক্সট করপাস	কমপক্ষে ৯০ মিলিয়ন সিলভার স্ট্যান্ডার্ড টেক্সট এবং কমপক্ষে ১০ মিলিয়ন গোল্ড স্ট্যান্ডার্ড ট্রিবাংক।
স্পিস করপাস	কমপক্ষে ৭০০০ ঘণ্টা।
ইমেজ করপাস	২ মিলিয়ন প্রিন্টেড ওয়ার্ড ও ক্যারেকটার এবং ২.৬০ মিলিয়ন হাতের লেখা ইমেজ।
লার্নড মডেল	কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির ৮টিরও বেশি মডেল ও ইঞ্জিন।
পাইপলাইন	কর্পাস প্রসেসিং ও সার্ভিসের জন্য ২টি পাইপলাইন।
ইনফাস্ট্রাকচার	বিগ ডেটা প্রসেসিং/ হাই পারফরম্যান্স কম্পিউটিং অ্যাপ্লিকেশন সার্ভার ও ক্লাউড আর্কিটেকচার।
স্ট্যান্ডার্ড	৬টিরও বেশি ভাষা-প্রযুক্তি সংশ্লিষ্ট মান প্রমিতকরণ।
প্রকাশনা	৩ ভলিউম ভাষা-প্রযুক্তি বিষয়ক পত্রিকা।
অডিও ভিজুয়াল	ইউজার গাইড ও প্রচারণামূলক অডিও ভিজুয়াল।
সাপোর্টিং টুলস	ওয়েবক্রলার, ক্রাউডসোর্সিং প্রভৃতি টুলস।



প্রকল্পের প্রভাব

পলিসিগত বিবেচনা

আন্তর্জাতিক পরিসরে বাংলাকে লো-রিসোর্স ভাষা থেকে সমৃদ্ধ ভাষায় উত্তরণ।

সরকারি সার্ভিস

বাংলাকে জাতিসংঘের ভাষা হিসেবে প্রস্তাবের জন্য সকল প্রয়োজনীয় রিসোর্স তৈরি।
বাংলায় লেখা এনআইডি, প্রিন্টেড ফরমসহ যেকোনো সার্টিফিকেট / ডকুমেন্ট এডিটবেল
টেক্সটে রূপান্তর করা যাবে।

নিরাপত্তা

পাবলিক লাইব্রেরিগুলোর প্রকৃত ডিজিটাইজেশন, গাড়ির নম্বরপ্লেট শনাক্তকরণ, সংসদে
অভিভাষণসহ যেকোনো বক্তব্য ট্রান্সক্রিপশন, সরকারি ওয়েবসাইটগুলোতে নিজস্ব অনুবাদ
প্লাগ-ইন সংযুক্তকরণ।
স্পিকার রিকর্ডনিশন ও ফরেনসিকে সহায়তা প্রদান।

জনপরিসর

গুজব ও ভুল সংবাদ শনাক্তকরণ।
বানান ও বাক্যগত ভুল সংশোধন
কথার মাধ্যমে লেখার কিবোর্ড/ অ্যাপস (জিবোর্ডের মতো)

ক্ষুদ্র-নৃগোষ্ঠী

বাংলা ভার্সুয়াল পারসোনাল অ্যাসিস্ট্যান্ট (সিরি, কর্টানের মতো)
ক্ষুদ্র-নৃগোষ্ঠী ভাষাসমূহের নমুনা সংরক্ষণ এবং বিশ্লেষণের জন্য ডিজিটাল রিপোজিটরি
যাদের নিজস্ব লিপি রয়েছে তাদের জন্য কিবোর্ড

প্রতিবন্ধী ব্যক্তি

ফন্ট উন্নয়ন ও প্রমিতকরণ
দৃষ্টি প্রতিবন্ধী মানুষের জন্য ফ্রিন রিডার অ্যাপস ও সফটওয়্যার উন্নয়ন

করপোরেট খাত

বাক ও শ্রবণ প্রতিবন্ধী মানুষের জন্য সাইন টু টেক্সট কনভার্সন সফটওয়্যার
অটোমেটিক কলসেন্টার

গণমাধ্যম

ব্যাংক ও অনলাইন শপিং সাইটের জন্য চ্যাটবট
রিয়েলটাইম সাক্ষাৎকার ট্রান্সক্রিপ্টশন

প্রকাশনার জন্য বানান সংশোধক

অনলাইন পত্রিকার জন্য অটোমেটিক নিউজ ক্লাসিফিকেশন এবং টপিক মডেলিং সিস্টেম

গবেষক

রিয়েলটাইম ও রেকর্ডেড ভিডিও থেকে বাংলা সাবটাইটেল জেনারেশন
প্রক্রিয়াজাত টেক্সট, স্পিচ ও ইমেজের বিগ ডেটা, র-ডেটা, ২০টির বেশি ম্যাশিন লার্নিং
প্রক্রিয়ায় প্রাপ্ত মডেল ও ইঞ্জিন

আইওটি ও রোবটিক্স

পিওএস, এনইআর ট্যাগসেট
বাংলা ভাষার যন্ত্রের জন্য ভয়েস কমান্ড ও ভার্সুয়াল অ্যাসিস্ট্যান্ট তৈরির মাধ্যমে ভবিষ্যতের
আইওটি ও রোবোটিক্সের ফাউন্ডেশন তৈরি।



লক্ষ্য ও উদ্দেশ্য

প্রায় দুই যুগের বেশি সময় ধরে কম্পিউটারে বাংলা ফন্ট ব্যবহৃত হলেও এখনও বাংলা ফন্ট তেমন উন্নতির মুখ দেখেনি। ফন্ট বিষয়ে প্রধান সমস্যাকে ‘ফন্ট ভেঙে’ যাওয়া হিসেবে অনেকে বলে থাকেন। তবে বাংলা ভাষায় ইউনিকোড মান অনুসরণ করার পরও এনকোডিং, ভাষাগত ও ভিজ্যুয়াল দিক থেকে নানা সমস্যা রয়ে গেছে। এই সমস্যা থেকে উত্তরণের জন্য, ফন্ট ডেভেলপমেন্ট গাইডলাইন অনুসরণ করে এবং যাতে পরবর্তী সময়ে ডেভেলপারবৃন্দ প্রয়োজনবোধে নীতিমালা অনুসরণ করে ফন্ট ডেভেলপ করতে পারেন সে লক্ষ্যে বিদ্যমান বাংলা ইউনিকোড ফন্টগুলোর তুলনা করে প্রতিটি ফন্টের মধ্যে অনুপস্থিত গ্লিফ (glyph), অতিরিক্ত গ্লিফ (glyph), বিকল্প-বর্জিত গ্লিফ (glyph) চিহ্নিত করা হয়েছে। এবং এই বিশ্লেষণ থেকেই ‘বিসিসি পূর্ণ’ বাংলা ফন্ট ডেভেলপ করা হয়েছে।



বিসিসি পূর্ণ ফন্ট ফ্যামিলি

STYLES

রেগুলার	Regular
সেমিবোল্ড	Semibold
বোল্ড	Bold
ব্লাক	Black
ওয়েব (ট্রু টাইপ হিন্টিং)	Web (True Type Hinted)
ইটালিক	<i>Italic</i>
সেমিবোল্ড ইটালিক	<i>Semibold Italic</i>
বোল্ড ইটালিক	<i>Bold Italic</i>
ব্লাক ইটালিক	<i>Black Italic</i>

সিস্টেম রিকয়ারমেন্টস

সকল প্রকার উইন্ডোজ ও ম্যাক অপারেটিং সিস্টেমের সব সফটওয়্যারে কাজ করবে। সকল প্রকার ওয়েব ব্রাউজারে স্বচ্ছ ও সনাতন উভয় প্রকার ব্যবহার করা যাবে। যেহেতু বিসিসি পূর্ণ ফন্টটি কালার ইমোজি সাপোর্টেড সেক্ষেত্রে কালার ইমোজি প্রদর্শনের জন্য উইন্ডোজ ও ম্যাক অপারেটিং সিস্টেমের কিছু সফটওয়্যারের বেশ কিছু সীমাবদ্ধতা থাকায় সকল প্রকার পুরাতন ভার্সনগুলোতে কালার ইমোজি দেখাতে নাও পারে। এটা ফন্টের দুর্বলতা নয়; কেননা পুরাতন বেশীরভাগ সফটওয়্যার ভার্সনগুলো কালার ইমোজি বা কালার ফন্ট প্রদর্শনের জন্য উপযোগী নয়। তথাপি নিচে আমাদের জানা কিছু সফটওয়্যারের ভার্সনসহ উল্লেখ করা হলো যেগুলো বিসিসি পূর্ণ ফন্ট সহ সকল প্রকার কালার ইমোজি ও কালার ফন্ট সাপোর্ট করবে।

কালার ইমোজি ও কালার ফন্ট গুলো যেসব সফটওয়্যারগুলোর যেসব ভার্সনে কার্যকরী—

মাইক্রোসফট ওয়ার্ড	● Office 365 ● 2021 ● 2019 ○ 2016 ○ 2013 ○ 2007 ○ 2003 ○ Office XP
অ্যাডোবি ফটোশপ	● CC 2025 ● CC 2024 ● CC 2023 ● CC 2022 ● CC 2021 ● CC 2018 ○ CS
অ্যাডোবি ইলাস্ট্রেটর	● CC 2025 ● CC 2024 ● CC 2023 ● CC 2022 ● CC 2021 ● CC 2018 ○ CS
অ্যাডোবি ইনডিজাইন	● CC 2025 ● CC 2024 ● CC 2023 ● CC 2022 ● CC 2021 ● CC 2019 ○ CS
কোয়ার্ক এক্সপ্রেস	● 2025 ● 2024 ● 2023 ● 2022 ● 2021 ● 2018 ○ 2017
পেইন্ট ওডি,	Windows OS
পিক্সেলম্যাটার	macOS 10.4 Mojave and later
স্কেচ	macOS 10.4 Mojave and later
অ্যাফিনিটি ডিজাইনার	macOS 10.4 Mojave and later

তাছাড়া অ্যান্ড্রয়েড ও আইওএসের আপডেটেড ভার্সনসহ অন্যান্য সকল প্ল্যাটফর্মে সাধারণ ফন্টের মতই ফন্টগুলো ব্যবহার করা যাবে এবং কালার ইমোজিও সাপোর্ট করবে।

ব্রাউজার সাপোর্ট

বিসিসি পূর্ণের ওয়েব ও প্রিন্ট ভার্সন উভয়ই ডিসপ্লে ফন্ট হিসেবে ব্যবহারযোগ্য। ওয়েবে ব্যবহারের জন্য বিসিসি পূর্ণের আলাদা একটি ওয়েব ভার্সন তৈরি করা হয়েছে; যা মূলত একটি ওয়েব ফন্ট। বিসিসি পূর্ণ ফন্ট ফ্যামিলি বা পূর্ণাঙ্গ টাইপফেসের সাথে এর ওয়েব ভার্সন (woff, woff2) দেওয়া হয়েছে। এই ফন্টটিতে টু টাইপ হিন্টিং প্রযুক্তি ব্যবহার করা হয়েছে; যা ডিসপ্লে ফন্টের জন্য একটি আধুনিক প্রযুক্তি।

যেহেতু বিসিসি পূর্ণ ফন্টটিতে কালার ইমোজি ব্যবহার করা হয়েছে; সেক্ষেত্রে যে সব ব্রাউজার SVG ইমেজ সাপোর্ট করে সেসকল ব্রাউজারে কালার ফন্ট ও কালার ইমোজি প্রদর্শন করবে। সেক্ষেত্রে কালার ইমোজি বা কালার ফন্টের জন্য জনপ্রিয় সকল ব্রাউজারের আপডেট ভার্সনগুলো উপযোগী।

কম্পিউটারে ফন্ট যুক্তকরণ/ইন্সটল করা

১. নিচের QR কোড স্ক্যান করে বিসিসি পূর্ণ ফন্টটি ডাউনলোড করুন।
২. BCC Purno.zip ফাইলটি আনজিপ করুন। আনজিপ করার জন্য ফাইলটির উপর মাউজের রাইট বাটন ক্লিক করে Extract করুন।
৩. আনজিপ করা ফাইলটিতে বিসিসি পূর্ণ ফন্টটির পূর্ণাঙ্গ ফ্যামিলি দেখা যাবে।
৪. এখন বিসিসি পূর্ণ ফন্টটির যে স্টাইলটি আপনি ইন্সটল করতে চান সে ধরনের উপর মাউজের রাইট বাটন ক্লিক করে ইন্সটল ক্লিক করুন। (প্রয়োজনে এই লিঙ্কটি অনুসরণ করুন: <https://support.microsoft.com/en-us/office/add-a-font-b7c5f17c-4426-4b53-967f-455339c564c1>)
৫. আপনার কম্পিউটারে পরিবর্তনের কোনো অনুমতি চেয়ে যদি কোনো পপ আপ উইন্ডো আসে যেখানে লেখা থাকে 'If you trust the source of the font click YES' তখন 'YES' চেপে অনুমতি দিন।

বিসিসি পূর্ণ ফন্টটি এখন আপনার কম্পিউটারে ইন্সটল হয়ে গিয়েছে। এখন আপনি যে কোনো ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যারে বিসিসি পূর্ণ দিয়ে লিখতে পারবেন।

এছাড়া এক্সট্রাক্ট করার পর বিসিসি পূর্ণ ফন্টগুলো কপি করে

Control Panel > Fonts

Control Panel > Appearance and Personalization > Fonts

এই ডিরেক্টরিগুলোতে পেস্ট করে দিলেও বিসিসি পূর্ণ ফন্ট ব্যবহার করা যাবে।

ওয়েব সাইটে বিসিসি পূর্ণ ও বিসিসি পূর্ণ ওয়েব ফন্ট ব্যবহার করার নিয়ম

ওয়েব সাইটে বিসিসি পূর্ণ ও বিসিসি পূর্ণ ওয়েব ফন্টটি ব্যবহার করা যাবে যেখানে ওয়েব ফন্ট সাপোর্ট করে। বিসিসি পূর্ণ ওয়েব ফন্টটি আধুনিক প্রযুক্তির হিন্ডিং টেকনোলোজি সমৃদ্ধ।

বিসিসি পূর্ণ ফন্টটি CSS ফাইলে যোগ করার জন্য বিসিসি পূর্ণ ফন্টের পূর্ণাঙ্গ নাম বা শুধু ফ্যামিলির নাম কপি করে নিচের কোডগুলো অনুসরণ করে বিসিসি পূর্ণ ফন্ট ওয়েবসাইটে ব্যবহার করা যাবে। প্রয়োজনে নিচের দেওয়া লিঙ্কটি অনুসরণ করা যেতে পারে।

<https://stackoverflow.com/questions/4605527/convert-pixels-to-dp/9563438#9563438>

CSS Code:

```
@font-face {
  font-family: 'BCC Purno';
  src: url('fonts/BCCPurno.woff2') format('woff2'),
       url('fonts/BCCPurno.woff') format('woff');
  font-weight: normal;
  font-style: normal;
}

body, p, h1, h2, h3 {
  font-family: 'BCC Purno', sans-serif;
}
```

HTML Code:

```
<!DOCTYPE html>
<html lang="en">
<head>
<meta charset="UTF-8">
<meta name="viewport" content="width=device-width, initial-scale=1.0">

<title>Your Website</title>

<link rel="stylesheet" href="styles.css">
</head>

<body>
<h1>Welcome to My Website</h1>
<p>This is a paragraph styled with the custom 'BCC Purno' font.</p>
</body>


</html>
```

ভাষা সমর্থন ও ওপেন টাইপ ফিচার

বিসিসি পূর্ণ ফন্টটি ইংরেজি, বাংলা ও অসমীয়া ভাষা সমর্থন করে। এটি ইউনিকোড লিখনরীতি অনুসরণ করে ডেভেলপ করা হয়েছে। তাছাড়া বিভিন্ন ধরনের অনুভূতি প্রকাশক সিম্বল বা চিহ্ন, জনপ্রিয় লোগো, বিভিন্ন দেশের পতাকা ও কালার ইমোজি বিসিসি পূর্ণ ফন্ট সমর্থন করে। একাধিক যুক্তবর্ণ ও প্রাতিষ্ঠানিক স্বচ্ছবর্ণ ব্যবহারের জন্য একাধিক Stylistic Set ব্যবহার করা হয়েছে। প্রচলিত ফন্টসমূহের ত্রুটি দূরীকরণের জন্য একাধিক ওপেন টাইপ ফিচার যোগ করা হয়েছে। যা মুদ্রণ ও প্রকাশনা প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।


ব্যবহারবিধি

১. সনাতন যুক্তবর্ণের পাশাপাশি প্রাতিষ্ঠানিকভাবে ব্যবহার উপযোগী স্বচ্ছ ও বিকল্প যুক্তবর্ণ রাখা হয়েছে। এগুলো ব্যবহার করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে।



চিত্র: ১

মেনুবার থেকে Home মেনু বাছাই করে ফন্ট অপশনের ডানপাশের কোণা (চিত্র: ১ প্রদর্শিত লাল চতুর্ভুজ চিহ্নিত)–র দিকে ক্লিক করলে চিত্র: ২–এর মতো ফন্ট অপশন উইন্ডো প্রদর্শিত হবে। এখান থেকে Advanced মেনু বাছাই করলে ফন্ট সংক্রান্ত বিভিন্ন সেটিং প্রদর্শিত হবে।




চিত্র: ২

Advanced মেনু থেকে OpenType Features অপশনের Stylistic Sets এর ড্রপডাউন মেন্যু থেকে বিভিন্ন সংখ্যার Stylistic Sets বাছাই করে স্বচ্ছ যুক্তবর্ণ টাইপ করা বা লেখা যাবে।

নিচের টেবিল: ১-এর সনাতন যুক্তবর্ণগুলো থেকে স্বচ্ছ যুক্তবর্ণ লিখতে হলে Stylistic Sets এর ড্রপডাউন থেকে 1 বাছাই করতে হবে। চিত্র: ৩ দৃষ্টব্য।

সনাতন	স্বচ্ছ		সনাতন	স্বচ্ছ
গু	গু		রু	রু
ধ	ধ		লু	লু
ধ্র	ধ্র		লু	লু
ক	ক		লু	লু
ক্	ক্		শু	শু
জ	জ		শ্র	শ্র
জ	জ		শ্র	শ্র
ঞ	ঞ		সু	সু
ত্র	ত্র		স্ম	স্ম
ত্র	ত্র		স্ম	স্ম
দ্র	দ্র		স্প্র	স্প্র
দ্র	দ্র		স্প্র	স্প্র
হ	হ		স্প্র	স্প্র
হ্র	হ্র		স্ট	স্ট
স্ত	স্ত		স্ট	স্ট
পা	পা		হ	হ
ঝা	ঝা		হ	হ
ঘ	ঘ		হ	হ
ঝ	ঝ			

টেবিল: ১




চিত্র: ৩

নিচের টেবিল: ২-এর সনাতন যুক্তবর্ণগুলো থেকে স্বচ্ছ যুক্তবর্ণ লিখতে হলে Stylistic Sets এর ড্রপডাউন থেকে 2 বাছাই করতে হবে। চিত্র: ৪ দ্রষ্টব্য।

সনাতন	স্বচ্ছ
ঙ্	ঞ
ন্ত্	ন্ত
ন্ত	ন্ত
ন্ত	ন্ত


টেবিল: ২



চিত্র: ৪

২. বাংলা ও ইংরেজির জন্য স্বতন্ত্র বৈশিষ্ট্য সংবলিত বিরাম চিহ্ন ও যুক্তবর্ণ লেখার নিয়ম।

বাংলা ও ইংরেজির স্বতন্ত্র বিরাম চিহ্নের জন্য Font মেন্যুর Advanced থেকে OpenType Features এর Ligatures ড্রপডাউন থেকে Standard Only বাছাই করলে বিরাম চিহ্ন বাংলা ও ইংরেজির জন্য স্বতন্ত্রভাবে লেখা হবে। চিত্র:৫ দ্রষ্টব্য।



চিত্র: ৫

যেমন: file, flux, Name:...!/? নাম: Semi-bold, বই-খাতা, He told—, এখানে—, Here—, There—, সেখানে— ইত্যাদি।

৩. বিশেষ চিহ্নগুলো লেখার নিয়ম

পারমাখ্যাত্ত আলিহাউ ওয়াসাকানি = স + ৷ + § + §
 09B8 09BE 0983 0983

বুদিমাক্যাত্ত তা হালা আনক = র + া + § + §
 09B0 09C1 0983 0983

ইউনিকোড পয়েন্ট ব্যবহার করে লেখার নিয়ম

কী-বোর্ড থেকে পারমাখ্যাত্ত আলিহাউ ওয়াসাকানি লেখার জন্য ইংরেজিতে FDFA অথবা fdfa এবং বুদিমাক্যাত্ত তা হালা আনক লেখার জন্য ইংরেজিতে 0613 টাইপ করে কোনো স্পেস না দিয়ে Alt + x বাটনদ্বয় এক সাথে চাপলেই পারমাখ্যাত্ত আলিহাউ ওয়াসাকানি ও বুদিমাক্যাত্ত তা হালা আনক লেখা যাবে, যা সকল প্লাটফর্মের সকল সফটওয়্যারের জন্য সকল ইউনিকোড ফন্টে ব্যবহার করা যাবে। এতে ওয়েবসাইটগুলোতে ও প্রিন্টিং মিডিয়ামের জন্য ব্যবহৃত সফটওয়্যারগুলোতে ফন্টের জন্য বা অন্য কোনো জটিলতার জন্য পারমাখ্যাত্ত আলিহাউ ওয়াসাকানি ও বুদিমাক্যাত্ত তা হালা আনক লেখাগুলো ভেঙে যাবে না।

পারমাখ্যাত্ত আলিহাউ ওয়াসাকানি = FDFA + Alt + x


বুদিমাক্যাত্ত তা হালা আনক = 0613 + Alt + x

৪. এমসিকিউ বা বহুনির্বাচনী প্রশ্নের জন্য ফাঁকা বৃত্ত লেখার নিয়ম।

নিচের টেবিল: ৩-এর ফাঁকা বৃত্তসমূহ লেখার জন্য স্বাভাবিক বর্ণগুলো লিখে সেগুলো সিলেক্ট করে ক্রমিক নং ১-এর চিত্র: ১ অনুসরণ করে চিত্র: ৬-এ প্রদর্শিত Stylistic Sets এর ড্রপডাউন থেকে ৩ বাছাই করতে হবে।

বর্ণ	ফাঁকা বৃত্ত	বর্ণ	ফাঁকা বৃত্ত	বর্ণ	ফাঁকা বৃত্ত	বর্ণ	ফাঁকা বৃত্ত	বর্ণ	ফাঁকা বৃত্ত
1	①	A	Ⓐ	a	ⓐ	ক	Ⓚ	১	①
2	②	B	Ⓑ	b	ⓑ	খ	Ⓛ	২	②
3	③	C	Ⓒ	c	ⓒ	গ	ⓖ	৩	③
4	④	D	Ⓓ	d	ⓓ	ঘ	Ⓢ	৪	④
5	⑤	E	Ⓔ	e	ⓔ	ঙ	ⓓ	৫	⑤

টেবিল: ৩




চিত্র: ৬

৫. এমসিকিউ বা বহুনির্বাচনী প্রশ্নের জন্য ভরাট বৃত্ত লেখার নিয়ম।

নিচের টেবিল: ৪-এর ভরাট বৃত্তসমূহ লেখার জন্য স্বাভাবিক বর্ণগুলো লিখে সেগুলো সিলেক্ট করে ক্রমিক নং ১-এর চিত্র: ১ অনুসরণ করে চিত্র: ৭-এ প্রদর্শিত Stylistic Sets এর ড্রপডাউন থেকে ৪ বাছাই করতে হবে।

বর্ণ	ভরাট বৃত্ত	বর্ণ	ভরাট বৃত্ত	বর্ণ	ভরাট বৃত্ত	বর্ণ	ভরাট বৃত্ত	বর্ণ	ভরাট বৃত্ত
1	❶	A	Ⓐ	a	ⓐ	ক	Ⓚ	১	❶
2	❷	B	Ⓑ	b	ⓑ	খ	Ⓛ	২	❷
3	❸	C	Ⓒ	c	ⓒ	গ	ⓖ	৩	❸
4	❹	D	Ⓓ	d	ⓓ	ঘ	Ⓢ	৪	❹
5	❺	E	Ⓔ	e	ⓔ	ঙ	ⓓ	৫	❺


টেবিল: ৪



চিত্র: ৭

৬. স্বয়ংক্রিয় বাংলা পৃষ্ঠা নম্বর দেওয়ার নিয়ম।


বাংলায় স্বয়ংক্রিয় পৃষ্ঠা নম্বর ও বুলেট ক্রমিক নম্বর দেওয়ার জন্য ডকুমেন্টের Header & Footer মেন্যুবার থেকে পৃষ্ঠানম্বর সংযোজন করার পর পৃষ্ঠা নম্বরটি সিলেক্ট করে ক্রমিক নং ১-এর চিত্র: ১ অনুসরণ করে চিত্র: ৮-এ প্রদর্শিত Stylistic Sets এর ড্রপডাউন থেকে ৫ বাছাই করতে হবে।



চিত্র: ৮

৭. স্বয়ংক্রিয় বাংলা বুলেট ক্রমিক নম্বর দেওয়ার নিয়ম।

বাংলায় স্বয়ংক্রিয় বুলেট ক্রমিক নম্বর দেওয়ার জন্য ডকুমেন্টের Home মেন্যুবারের Numbering থেকে বুলেট সংযোজন করার পর প্রথম বুলেট নম্বরটি সিলেক্ট করে ক্রমিক নং ১-এর চিত্র: ১ অনুসরণ করে চিত্র: ৯-এ প্রদর্শিত Stylistic Sets এর ড্রপডাউন থেকে 5 বাছাই করতে হবে। এক্ষেত্রে ক্রমিক নম্বর ১, ২, ৩, ... এবং ক, খ, গ, ঘ, ... উভয় ফরম্যাট ব্যবহার করা যাবে।




চিত্র: ৯

৮. মাইক্রোসফট ওয়ার্ডে বাংলাদেশের পতাকা, বাংলাদেশ সরকারের সিল (মনোগ্রাম/লোগো), কালার সিম্বল লেখার নিয়ম।

নিচের টেবিল: ৫-এর কালার সিম্বলগুলো লেখার জন্য সাধারণ বর্ণগুলো লিখে সিলেক্ট করে ক্রমিক নং ১-এর চিত্র: ১ অনুসরণ করে চিত্র: ৯-এ প্রদর্শিত Stylistic Sets এর ড্রপডাউন থেকে 6 বাছাই করতে হবে।

বর্ণ	ভারত বৃত্ত
GOVT	
BD	
BSTI	

টেবিল: ৫



চিত্র: ১০